দৈনিক
জনকণ্ঠ

তারিখ 06 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি অধিভুক্ত ৭ কলেজে অনার্সে ভর্তি প্রক্রিয়া শুরু ১৬ অক্টোবর থেকে

**স্টাফ রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত সরকারী কলেজে নতুন শিক্ষাবর্ষে অনার্স ভর্তির জন্য নেয়া হবে পরীক্ষা। অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হবে আগামী ১৬ অক্টোবর থেকে। শেষ হবে ১৪ নবেম্বর। অনুষদ অনুসারে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১ ডিসেম্বর, ২ ডিসেম্বর ও ৮ ডিসেম্বর।

গত বছর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত থেকে বের হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে আসে রাজধানীর সাত বৃহৎ সরকারী কলেজ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হওয়ার পর সাত কলেজের শিক্ষার্থীদের নিয়মিত পরীক্ষা সঙ্কটের মুখে পড়েছিল। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হঠাৎ সাত কলেজের শিক্ষার্থীদের পরীক্ষাসহ নানা কাজ সামাল দিতে ব্যর্থ হলে একপর্যায়ে শিক্ষার্থীরা পরীক্ষার দাবিতে আন্দোলনে নামেন। একপর্যায়ে বিভিন্ন বর্ষের পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়। কিন্তু প্রশ্ন ওঠে এসব কলেজে নতুন শিক্ষাবর্ষে ভর্তির জন্য কি কোন বাছাই পরীক্ষা নেয়া হবে? নাকি জাতীয় বিশ্ববিদ্যালয়ের মতো এসএসসি ও এইচএসসির ফলের ভিত্তিতেই নেয়া হবে ভর্তি? এসব প্রশ্নের উত্তর মিলেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি-সংক্রান্ত এক সমন্বয় সভায়।

সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাবি অধিভুক্ত সাতটি সরকারী কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হবে ১৬ অক্টোবর। শেষ হবে ১৪ নবেম্বর। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি-সংক্রান্ত এক সমন্বয় সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, বিশ্ববিদ্যালয় কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, বিজ্ঞান অনুষদ এবং বাণিজ্য অনুষদের অধীনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। ১ ডিসেম্বর অনুষ্ঠিত হবে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা। ২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে বাণিজ্য ও ৮ ডিসেম্বর (শুক্রবার) অনুষ্ঠিত হবে বিজ্ঞান অনুষদভুক্তদের পরীক্ষা।

## ভর্তিচ্ছুদের আবেদনের ন্যূনতম যোগ্যতা

বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-এর যোগফল হতে হবে ৭। মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-এর যোগফল ৬।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-এর যোগফল ৬ পয়েন্ট ৫ থাকবে হবে।